বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০১.১৮-১৪৮২.১৮/২৮০২

তারিখঃ ১৪-১০-২০১৮ খ্রি.

**বিষয়ঃ ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ফিসারিজ শিক্ষাক্রমের একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে নিম্নলিখিত শর্তে ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ফিসারিজ শিক্ষাক্রমের ০১/০৭/২০১৮ তারিখ হইতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। ৩০/০৬/২০২১ তারিখ অতিক্রান্ত হওয়ার পর একাডেমিক স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং উক্ত প্রতিষ্ঠানে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় পরিচালনা থেকে বিরত করা হবে।

উল্লেখ্য যে, নিম্নলিখিত তালিকায় প্রতিষ্ঠানসমূহকে আগামী তিন মাসের মধ্যে জমির দলিল, মৌজা ম্যাপ, নামজারিপত্র, হালনাগাদ খাজনার রশিদ ও এফডিআর (সংরক্ষিত তহবিল) এর মুল কপি বোর্ডে প্রদর্শনপুর্বক ফটোকপি জমা দিতে হবে। অন্যথায় একাডেমিক স্বীকৃতি বাতিল করা হবে ।

| ক্রমিক নং | প্রতিষ্ঠান কোড | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কারিকুলাম/ স্পেশালাইজেশন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ১২০৩৪ | এইচ.কে হাইস্কুল এন্ড বিএম কলেজ, হাটপাড়া, করনাই পীরগঞ্জ, ঠাকুরগাও | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২. | ১২০৬২ | হ্যাডস ইনষ্টিটিউট অব এগ্রি টেকনোলজি, নিশ্চিন্তপুর, ঠাকুরগাও | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৩. | ১৩০৫১ | জগতপুর কলেজ, জগতপুর বিরল, দিনাজপুর | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৪. | ১৩০৯৪ | পার্বতীপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজম্যান্ট কলেজ, পার্বতীপুর, দিনাজপুর | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৫. | ১৭০৬৬ | কিসমত উল্লাহ বালাজান কৃষি ও কারিগরি ইন্সটিটিউট, মির্জাপাড়া, রৌমারী, কুড়িগ্রাম | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৬. | ১৭০৯৪ | রাজারহাট মডেল কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, মেকুরটারী, রাজারহাট, কুড়িগ্রাম | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৭. | ১৯০৪৫ | উচাই কৃষি কলেজ, পোঃ আটাপুর উপজেলাঃ পাচবিবি, জয়পুরহাট | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৮. | ২৪০০৯ | কালিকাপুর বনপাড়া কৃষি ও কারিগরি কলেজ, পোঃ হারোয়া, উপজেলাঃ বড়াইগ্রাম, নাটোর | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৯. | ২৬০৯১ | জাকিয়া হাবিব কৃষি কলেজ, মালিফা, আর কে পাড়া, সুজানগর, পাবনা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১০. | ২৭০৫৭ | বাহার কৃষি কলেজ, আলাউদ্দিন নগর, চড়াইকোল, কুমারখালী, কুষ্টিয়া | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১১. | ২৭০৬৫ | লাল নগর কৃষি ইন্সটিটিউট, ছাতার পাড়া, দৌলতপুর, কুষ্টিয়া | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১২. | ৩১০৩৭ | মাগুড়া কৃষি ইনষ্টিটিউট, শালিখা, মাগুড়া | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৩. | ৩৩১০১ | জাপান বাংলাদেশ মৈত্রী কৃষি ডিপ্লোমা ইনষ্টিটিউট, বাঘারপাড়া, যশোর। | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৪. | ৩৪০৩৮ | প্রিন্সিপাল আখতারুজ্জামান বিজ্ঞান কৃষি কারিগরি ও বানিজ্য কলেজ, খলিষখালী, তালা, সাতক্ষীরা। | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৫. | ৩৪০৪৪ | সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৬. | ৩৫০৮০ | খানজাহান আলী কৃষি কলেজ, দৌলতপুর, সাতক্ষীরা সড়ক, শলুয়া, ডুমুরিয়া, খুলনা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৭. | ৩৫১২৮ | হাড়িখালী কৃষি প্রযুক্তি ইনষ্টিটিউট, তেরখাদা, খুলনা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৮. | ৩৬০৩৯ | মাজেদা বেগম কৃষি প্রযুক্তি কলেজ, সোনারকোলা, কচুয়া, বাগেরহাট | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ১৯. | ৩৬০৭০ | মুক্তিযোদ্ধা মফিজুল হক কৃষি প্রযুক্তি ইনষ্টিটিউট, তালতলী বাজার, শরণখোলা, বাগেরহাট | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২০. | ৩৭০৩৪ | এম এ খালেক কৃষি কলেজ, বারিধারা কমপ্লেক্স, রাধানগর, ভান্ডারিয়া, পিরোজপুর | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২১. | ৩৮০২৪ | চাওড়া কারিগরি ও কৃষি কলেজ, পাতাকাটা, আমতলী, বরগুনা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২২. | ৩৮০৪৫ | বরগুনা কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট, আশাখালী, বরগুনা সদর, বরগুনা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২৩. | ৩৯০৮৫ | দক্ষিণবঙ্গ কৃষি ও কারিগরি প্রশিক্ষণ ইনষ্টিটিউট, পোঃ চরবয়ড়া, দুমকী, পটুয়াখালী | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২৪. | ৩৯১১৩ | বাউফল কৃষি ও প্রযুক্তি ইন্সটিটিউট, গোসিংগা, বাউফল, পটুয়াখালী। | মৎস্য | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | ৪৬০০৩ | শাহ জাফর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজম্যান্ট ইনস্টিটিউট,সূর্যদিয়া, বোয়ালমারী, ফরিদপুর | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২৬. | ৪৭০১৯ | কলিমহর জহুরুন্নেছা কৃষি প্রশিক্ষন ইনস্টিটিউট, কলিমহর, পাংশা, রাজবাড়ী | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২৭. | ৫৪০৫৮ | নরিল্যা মহাবিদ্যালয়, ধনবাড়ি, মধুপুর, টাঙ্গাইল | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২৮. | ৫৪১২৭ | মধুপুর কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট, মধুপুর, টাঙ্গাইল। | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ২৯. | ৫৮০২০ | নন্দিপুর কারিগরি ও বানিজ্য কলেজ, পারলা, নেত্রকোণা সদর, নেত্রকোনা। | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |
| ৩০. | ৬৫০৫৯ | কুমিল্লা কৃষি ও কারিগরি কলেজ, ৮৭ নজরুল এভিনিউ, অশোকতলা, কুমিল্লা | কৃষি | শর্ত সাপেক্ষে সুপারিশকৃত |

শর্তসমূহ ঃ

১. নীতিমালা অনুযায়ী নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নামে নামজারিসহ মেট্রোপলিটন এলাকায় ১.৫০ একর/পৌর এলাকায় ১.৭৫ একর/ মফস্বল এলাকায় ২.০০ জমি সংক্রান্ত সকল তথ্যের (দলিল, নামজারিপত্র, মৌজা ম্যাপ, হালনাগাদ খাজনার রশিদ ইত্যাদি) মুল কপি যাচাই বাছাই কমিটিকে ৩ মাসের মধ্যে প্রদর্শন করতে হবে। কোন তথ্যের কাগজ জাল প্রমানিত হলে একাডেমিক স্বীকৃতি তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।

২. ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত স্পেশালাইজেশনের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩. পরিচালিত স্পেশালাইজেশনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।

৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক (কমপক্ষে ২০টি ) ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।

৫. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন ও অধ্যক্ষ কক্ষে মাষ্টার রুটিন থাকতে হবে। রুটিন অনুসারে তাত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। ছাত্র-ছাত্রীদের হাজিরা যথাযথভাবে সংরক্ষন করতে হবে এবং উপস্থিতি সন্তোষজনক হতে হবে।

৬. শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এস,আর, ও অনুসারে যোগ্যতা সম্পন্ন ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।

৭. লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।

৮. নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমান অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে। এস.আর.ও অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে ও ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৯. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

১০. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কারিকুলাম অনুযায়ী বোর্ডের শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১১. একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির পরেও শিক্ষার্থী ভর্তির পূর্বে প্রতি শিক্ষাবর্ষে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১২. স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন স্পেশালাইজেশনে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত স্পেশালাইজেশন/ট্রেড বাতিল করা হবে।

১৩. এস, আর, ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

১৪. উল্লেখিত শর্তসমূহের কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে কারিগরি শিক্ষা বোর্ড উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি বাতিল করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।

১৪/১০/১৮

(প্রকৌ: মো: আবদুল কুদ্দুস সরদার)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ
.......................................................
.......................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.৩১.১৮.১৪৮২.১৮(১০)/২৮০২

তারিখঃ ১৪-১০-২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩-৫. সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ....................................।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ..................................।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস নথি।

14/10/18

(বিজয় কুমার ঘোষ)
উপ-পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।